



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd




নং-৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০১৪.১৫/ ৩১(৪০)

তারিখঃ ২০/০৪/২০২১^{বঃ}
২৫/০৭/২০২১^{খ্রিঃ}

বিষয়: জেলা শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণের জন্য ৩য় 'শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা' শীর্ষক অনলাইন প্রশিক্ষণ কোর্সে আমন্ত্রণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৭ থেকে ২১ শ্রাবণ ১৪২৮ বঃ/ ০১ থেকে ০৫ আগস্ট ২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ৫ দিন ব্যাপী জেলা শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণের জন্য আয়োজিত ৩য় 'শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা' শীর্ষক অনলাইন প্রশিক্ষণ কোর্সে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) থেকে অনলাইনে অনুষ্ঠিত হবে। মোবাইল/টেলিফোনে যোগাযোগের মাধ্যমে আপনার সম্মতিতে নিম্ন লিখিত বিষয় সমূহের আলোকে এ কোর্সে অংশগ্রহণের জন্য আপনাকে মনোনয়ন দেয়া হলো। নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো:

১. সরকারি বিধি মোতাবেক অংশগ্রহণকারীকে ৩০০.০০ (তিনশত) টাকা হারে দৈনিক ভাতা ও ইন্টারনেট খরচ বাবদ এককালীন ৩০০.০০ (তিনশত) টাকা প্রদান করা হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, ব্যাংক সংক্রান্ত সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করতে হবে।
২. যাদের বয়স ৫৭ বৎসর অতিক্রম করেছে তাদের এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই।
৩. মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে প্রশিক্ষণে সক্রিয়ভাবে অংশগ্রহণ করবেন। কারণ প্রতিদিনের মূল্যায়ন প্রতিদিন করা হবে।
৪. জুম এ্যাপ (Zoom App) এর মাধ্যমে নায়েম থেকে প্রশিক্ষণ অধিবেশন পরিচালনা করা হবে। এ জন্য প্রশিক্ষণার্থীকে মোবাইল বা ল্যাপটপে জুম এ্যাপ (Zoom App) ডাউনলোড করতে হবে এবং প্রশিক্ষণ অধিবেশন চলাকালে সার্বক্ষণিক ভিডিও অন রাখতে হবে। জরুরী প্রয়োজনে সর্বোচ্চ ১০ মিনিট ভিডিও অফ রাখা যাবে।
৫. মনোনীত সকল কর্মকর্তাকে আগামী ২২/০৭/২০২১ খ্রি. তারিখের মধ্যে ব্যক্তিগত ই-মেইলে লগ ইন করে গুগল ফরম-এ অনলাইন রেজিস্ট্রেশনের মাধ্যমে তার প্রশিক্ষণে অংশ গ্রহণ নিশ্চিত করতে হবে। প্রশিক্ষণ সম্পর্কিত কোন তথ্য জানতে কোর্স সমন্বয়কর্তৃক- জনাব ড. মোসাম্মত তাহমিনা বেগম, সহকারী পরিচালক, নায়েম ও জনাব মো: গোলাম কিবরিয়া, টিচার ট্রেনার, নায়েম এর মোবাইল নম্বর যথাক্রমে ০১৮১৩-০৯৮৬৪৬ ও ০১৭১৪-৬৫৭১৬৫ -এ যোগাযোগ করা যেতে পারে।
৬. মনোনীত প্রশিক্ষণার্থীগণ আগামী ২৯.০৭.২০২১ খ্রি. তারিখের মধ্যে ইন্টারনেট ব্রাইজারের এ্যাড্রেস বারে <http://123.49.60.54> এই IP টাইপ করে রেজিস্ট্রেশন পেইজে গিয়ে 3rd Online Educational Administration and Management Training Course (DEOs & others) Select করে রেজিস্ট্রেশন সম্পন্ন করার মাধ্যমে প্রশিক্ষণে অংশ গ্রহণ নিশ্চিত করবেন।
৭. আমন্ত্রণপত্র এবং প্রশিক্ষণার্থীদের তালিকা নায়েম ওয়েবসাইট www.naem.gov.bd-এ পাওয়া যাবে।


২৫.০৭.২০২১

(প্রফেসর তাহসিনা আক্তার)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)
ফোন: ০২-৫৫১৬৭৫৩০
e-mail: info@naem.gov.bd

প্রাপক: -----

নং-৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০১৪.১৫/ ৩১(৭)

তারিখঃ ২০/৪/২০২১^{বঃ}
২৫/০৭/২০২১^{খ্রিঃ}

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (প্রশিক্ষণার্থীদের তালিকা প্রেরণের অনুরোধসহ);
২. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
৩. -----;
৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
৫. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, ঢাকা (প্রশিক্ষণার্থীর তালিকা ও আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো);
৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা
৭. অফিস নথি।


(মোঃ শহীদুল ইসলাম)

উপ-পরিচালক ও
কোর্স পরিচালক